রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ২০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ/১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং-৩৩৮-আইন/২০২৫।**—জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৩০ নং অধ্যাদেশ) এর ধারা ২২, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—এই বিধিমালা 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন বিধিমালা, ২০২৫' নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"অধ্যাদেশ"** অর্থ 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৩০ নং অধ্যাদেশ)';

(খ) **"অধিদপ্তর"** অর্থ অধ্যাদেশের ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত 'জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর';

(গ) **"উপজেলা কমিটি"** অর্থ বিধি ১০ এর অধীন গঠিত 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত উপজেলা কমিটি' বা 'উপজেলা কমিটি';

(ঘ) **"কেন্দ্রীয় কমিটি"** অর্থ বিধি ৪ এর অধীন গঠিত 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি' বা 'কেন্দ্রীয় কমিটি';


মূল্য : টাকা ২৪.০০

(ঙ) **"জেলা কমিটি"** অর্থ বিধি ৭ এর অধীন গঠিত 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত জেলা কমিটি' বা 'জেলা কমিটি';

(চ) **"জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার"** অর্থ অধ্যাদেশের ধারা ২ এর দফা (চ) এ সংজ্ঞায়িত 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার';

(ছ) **"জুলাই যোদ্ধা"** অর্থ অধ্যাদেশের ধারা ২ এর দফা (ছ) এ সংজ্ঞায়িত 'জুলাই যোদ্ধা';

(জ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল; এবং

(ঝ) **"পুনর্বাসন"** অর্থ অধ্যাদেশের ধারা ২ এর দফা (ঝ) এ সংজ্ঞায়িত 'পুনর্বাসন'।

(২) এই বিধিমালায় যেসকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেসকল শব্দ বা অভিব্যক্তি অধ্যাদেশে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **কমিটি**।—জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনের নিমিত্ত নিম্নরূপ কমিটিসমূহ থাকিবে, যথা:—

(ক) 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি' বা 'কেন্দ্রীয় কমিটি';

(খ) 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত জেলা কমিটি' বা 'জেলা কমিটি'; এবং

(গ) 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত উপজেলা কমিটি' বা 'উপজেলা কমিটি'।

৪। **কেন্দ্রীয় কমিটির গঠন, ইত্যাদি**।—(১) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি' শিরোনামে একটি কেন্দ্রীয় কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | মন্ত্রী বা উপদেষ্টা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| (খ) | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (ঘ) | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টার কার্যালয়, অর্থ বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা বিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| (ঙ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন | সদস্য |
| (চ) | সরকার কর্তৃক মনোনীত জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের একজন প্রতিনিধি | সদস্য |
| (ছ) | সরকার কর্তৃক মনোনীত জুলাই যোদ্ধাদের একজন প্রতিনিধি | সদস্য |
| (জ) | মহাপরিচালক, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর | সদস্য সচিব। |

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটি প্রয়োজনে, উহার কার্যাবলি সম্পাদনের সুবিধার্থে এতদ্সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে উক্ত কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে, তবে উক্ত সদস্যের কোনো ভোটাধিকার থাকিবে না।

(৩) অধিদপ্তর উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৫। **কেন্দ্রীয় কমিটির সভা, ইত্যাদি।**―(১) এই বিধির অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, কেন্দ্রীয় কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কেন্দ্রীয় কমিটি প্রতি ৬ (ছয়) মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে, যাহা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) কেন্দ্রীয় কমিটির সভাপতি উহার সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব সভাপতিত্ব করিবেন, এবং উভয়ের অনুপস্থিতিতে, সভাপতি কর্তৃক মনোনীত কেন্দ্রীয় কমিটির অন্য কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৪) কেন্দ্রীয় কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট (Casting Vote) প্রদানের ক্ষমতা থাকিবে।

৬। **কেন্দ্রীয় কমিটির কার্যাবলি।**―অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কেন্দ্রীয় কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:―

(ক) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত নীতি নির্ধারণ, পরিবীক্ষণ, মূল্যায়ন ও সমন্বয় সাধন;

(খ) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নে পরামর্শ ও নির্দেশনা প্রদান, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(গ) তদকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে জেলা কমিটি ও উপজেলা কমিটির কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন; এবং

(ঘ) সরকার কর্তৃক, সময়ে সময়ে, প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

৭। **জেলা কমিটির গঠন, ইত্যাদি।**—(১) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসনের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ‘জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত জেলা কমিটি’ শিরোনামে একটি জেলা কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | জেলা প্রশাসক | সভাপতি |
| (খ) | পুলিশ সুপার | সদস্য |
| (গ) | সিভিল সার্জন | সদস্য |
| (ঘ) | পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (ঙ) | তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল | সদস্য |
| (চ) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (ছ) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (জ) | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (ঝ) | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| (ঞ) | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| (ট) | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| (ঠ) | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| (ড) | সোনালী ব্যাংকের বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক কর্তৃক মনোনীত অন্যূন সহকারী জেনারেল ম্যানেজার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| (ঢ) | সিটি কর্পোরেশনের মেয়র বা তদকর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (ণ) | পৌরসভার মেয়র বা তদকর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (ত) | সভাপতি কর্তৃক মনোনীত জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের একজন প্রতিনিধি | সদস্য |
| (থ) | সভাপতি কর্তৃক মনোনীত জুলাই যোদ্ধাদের একজন প্রতিনিধি | সদস্য |
| (দ) | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য সচিব। |

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটি প্রয়োজনে, উহার কার্যাবলি সম্পাদনের সুবিধার্থে এতদ্‌সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে উক্ত কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে, তবে উক্ত সদস্যের কোনো ভোটাধিকার থাকিবে না।

(৩) জেলা সমাজসেবা কার্যালয় উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৮। **জেলা কমিটির সভা, ইত্যাদি।**—(১) জেলা কমিটি প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে, যাহা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(২) জেলা কমিটির সভাপতি উহার সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে সভাপতি কর্তৃক মনোনীত জেলা কমিটির অন্য কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) জেলা কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট (Casting Vote) প্রদানের ক্ষমতা থাকিবে।

৯। **জেলা কমিটির কার্যাবলি।**—অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে জেলা কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) উপজেলা কমিটি হইতে প্রাপ্ত কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত প্রস্তাব যাচাইপূর্বক সুপারিশ বা মতামতসহ অধিদপ্তরে প্রেরণ;

(খ) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক জুলাই গণঅভ্যুত্থানে শহিদ বা কোনো জুলাই যোদ্ধার বিষয়ে তথ্যের অসম্পূর্ণতা, আর্থিক সহায়তা, ভাতা, পুনর্বাসন, কর্মসংস্থান, ঋণ, চিকিৎসা সহায়তা বা এতদ্‌সংক্রান্ত বিষয়ে উপজেলা কমিটি হইতে প্রেরিত মতামত বা সুপারিশ পর্যালোচনা;

(গ) সিটি কর্পোরেশন এলাকায় জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের পুনর্বাসন সংক্রান্ত আবেদন গ্রহণ ও অধ্যাদেশের ধারা ১২ এর উপ-ধারা (১) এ বর্ণিত শ্রেণি অনুযায়ী আবেদন যাচাই-বাছাইপূর্বক সুপারিশ বা মতামতসহ অধিদপ্তরে প্রেরণ;

(ঘ) সিটি কর্পোরেশন এলাকায় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক জুলাই গণঅভ্যুত্থানে শহিদ বা কোনো জুলাই যোদ্ধার বিষয়ে তথ্যের অসম্পূর্ণতা, আর্থিক সহায়তা, ভাতা, পুনর্বাসন, কর্মসংস্থান, ঋণ, চিকিৎসা সহায়তা বা এতদ্‌সংক্রান্ত বিষয়ে দাখিলকৃত অভিযোগ পর্যালোচনা;

(ঙ) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের দক্ষতা ও অভিজ্ঞতাভিত্তিক উপার্জনমুখী কাজের প্রশিক্ষণ প্রদান এবং দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

(চ) আত্মকর্মসংস্থানমূলক কাজের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সহজ শর্তে ঋণ বা অনুরূপ সুবিধাদি প্রদান বা প্রাপ্তির সহায়তা প্রদান;

(ছ) আর্থিক সহায়তা সংক্রান্ত কার্যক্রম তদারকি এবং এতদ্‌সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তিকরণ;

(জ) চিকিৎসা সহায়তা প্রদান সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;

(ঝ) প্রযোজ্যতা অনুযায়ী, সরকার, কেন্দ্রীয় কমিটি বা অধিদপ্তর বরাবর পুনর্বাসন সংক্রান্ত সুপারিশ বা মতামত প্রেরণ এবং জেলা কমিটির অনুকূলে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন;

(ঞ) জুলাই যোদ্ধাদের পুনর্বাসন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি অধিদপ্তরে প্রেরণ; এবং

(ট) সরকার বা কেন্দ্রীয় কমিটি কর্তৃক, সময়ে সময়ে, প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

১০। **উপজেলা কমিটির গঠন, ইত্যাদি।**—(১) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের পুনর্বাসনের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন সংক্রান্ত উপজেলা কমিটি' শিরোনামে একটি উপজেলা কমিটি থাকিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (খ) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| (গ) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (ঘ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (ঙ) | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (চ) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (ছ) | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| (জ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| (ঝ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| (ঞ) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (ট) | সোনালী ব্যাংকের বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট উপজেলার সোনালী ব্যাংকের অন্যূন ম্যানেজার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| (ঠ) | পৌরসভার মেয়র বা তদ্‌কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (ড) | সভাপতি কর্তৃক মনোনীত জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঢ) | সভাপতি কর্তৃক মনোনীত জুলাই যোদ্ধাদের একজন প্রতিনিধি | সদস্য |
| (ণ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য সচিব। |

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সিটি কর্পোরেশন এলাকায় কোনো উপজেলা কমিটি থাকিবে না এবং জেলা কমিটি সিটি কর্পোরেশন এলাকায় বিধি ৯ এর দফা (গ) ও (ঘ) এর বিধান অনুযায়ী অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় কার্যাবলি সম্পাদন করিবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটি প্রয়োজনে, উহার কার্যাবলি সম্পাদনের সুবিধার্থে এতদ্‌সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে উক্ত কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে, তবে উক্ত সদস্যের কোনো ভোটাধিকার থাকিবে না।

(৪) উপজেলা সমাজসেবা কার্যালয় উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

১১। **উপজেলা কমিটির সভা, ইত্যাদি।**—(১) উপজেলা কমিটি প্রতি ২ (দুই) মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে, যাহা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(২) উপজেলা কমিটির সভাপতি উহার সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে সভাপতি কর্তৃক মনোনীত উপজেলা কমিটির অন্য কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) উপজেলা কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট (Casting Vote) প্রদানের ক্ষমতা থাকিবে।

১২। **উপজেলা কমিটির কার্যাবলি।**—অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে উপজেলা কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের পুনর্বাসন সংক্রান্ত আবেদন গ্রহণ এবং অধ্যাদেশের ধারা ১২ এর উপ-ধারা (১) এ বর্ণিত শ্রেণি অনুযায়ী যাচাই-বাছাই করিয়া উহার মন্তব্য, সুপারিশ বা মতামতসহ জেলা কমিটিতে প্রেরণ;

(খ) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের দক্ষতা ও অভিজ্ঞতাভিত্তিক উপার্জনমুখী কাজের প্রশিক্ষণ প্রদান এবং দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

(গ) পুনর্বাসন সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাস্তবায়ন;

(ঘ) চিকিৎসা সহায়তা প্রদান সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;

(ঙ) কেন্দ্রীয় কমিটি ও জেলা কমিটির সুপারিশ ও নির্দেশনা বাস্তবায়ন;

(চ) জুলাই যোদ্ধাদের পুনর্বাসন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি অধিদপ্তরে প্রেরণ; এবং

(ছ) সরকার বা কেন্দ্রীয় কমিটি বা জেলা কমিটি কর্তৃক, সময়ে সময়ে, প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

১৩। **জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের আর্থিক সহায়তার পরিমাণ, কার্যকারিতা, অংশ বণ্টন পদ্ধতি, ইত্যাদি।**— (১) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যগণ তফসিল-১ এ উল্লিখিত পরিমাণ এককালীন আর্থিক সহায়তা বা অনুদান এবং মাসিক অনুদান বা ভাতা পাইবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মাসিক অনুদান বা ভাতা ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) তফসিল-১ এর কলাম (১) এ উল্লিখিত এককালীন আর্থিক সহায়তা বা অনুদান হিসাবে পরিবার সঞ্চয়পত্র প্রদানের ক্ষেত্রে এতদ্‌সংক্রান্ত প্রচলিত সরকারি বিধি-বিধান প্রযোজ্য হইবে।

(৪) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্য হিসাবে শহিদের স্বামী বা স্ত্রী, ঔরসজাত বা গর্ভজাত সন্তান এবং মাতা ও পিতার মধ্যে উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তা, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, সমান ৩ (তিন) ভাগে বণ্টন করিতে হইবে, যথা:—

(ক) **জুলাই গণঅভ্যুত্থানে শহিদের স্বামী বা স্ত্রী:** জুলাই গণঅভ্যুত্থানে শহিদের স্বামী বা স্ত্রী উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তার এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন:

তবে শর্ত থাকে যে, একাধিক স্ত্রী থাকিলে তাহাদের অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা সমানভাবে বণ্টন করিতে হইবে;

(খ) **জুলাই গণঅভ্যুত্থানে শহিদের ঔরসজাত বা গর্ভজাত সন্তান:** জুলাই গণঅভ্যুত্থানে শহিদের ঔরসজাত বা গর্ভজাত সন্তান উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তার এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন:

তবে শর্ত থাকে যে, শহিদের একাধিক ঔরসজাত বা গর্ভজাত সন্তান থাকিলে তাহাদের অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা সমানভাবে বণ্টন করিতে হইবে; এবং

(গ) **জুলাই গণঅভ্যুত্থানে শহিদের মাতা ও পিতা:** জুলাই গণঅভ্যুত্থানে শহিদের মাতা ও পিতা উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তার এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন:

তবে শর্ত থাকে যে, মাতা ও পিতার অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা সমানভাবে বণ্টন করিতে হইবে, তবে মাতা ও পিতার মধ্যে যেকোনো একজনের অবর্তমানে অপরজন প্রদেয় আর্থিক সহায়তা উভয়ের সম্মিলিত অংশ অর্থাৎ এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন।

(৫) উপ-বিধি (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি জুলাই গণঅভ্যুত্থানে শহিদের—

(ক) স্বামী বা স্ত্রী না থাকেন তাহা হইলে উক্ত স্বামী বা স্ত্রীর জন্য নির্ধারিত আর্থিক সহায়তার অংশটি উপ-বিধি (১) এ উল্লিখিত উক্ত শহিদের পরিবারের জীবিত সদস্যগণের মধ্যে নিম্নরূপভাবে বণ্টন করিতে হইবে, যথা:—

(অ) দফা (খ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ; এবং

(আ) দফা (গ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ;

(খ) কোনো ঔরসজাত বা গর্ভজাত সন্তান না থাকেন তাহা হইলে উক্ত ঔরসজাত বা গর্ভজাত সন্তানের জন্য নির্ধারিত আর্থিক সহায়তার অংশটি উপ-বিধি (১) এ উল্লিখিত উক্ত শহিদের পরিবারের জীবিত সদস্যগণের মধ্যে নিম্নরূপভাবে বণ্টন করিতে হইবে, যথা:—

(অ) দফা (ক) এ উল্লিখিত সদস্য অর্ধাংশ; এবং

(আ) দফা (গ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ;

(গ) মাতা ও পিতা উভয়ই না থাকেন তাহা হইলে উক্ত মাতা ও পিতার জন্য নির্ধারিত আর্থিক সহায়তার অংশটি উপ-বিধি (১) এ উল্লিখিত উক্ত শহিদের পরিবারের জীবিত সদস্যগণের মধ্যে নিম্নরূপভাবে বণ্টন করিতে হইবে, যথা:—

(অ) দফা (ক) এ উল্লিখিত সদস্য অর্ধাংশ; এবং

(আ) দফা (খ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ।

(৬) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, জুলাই গণঅভ্যুত্থানে কোনো অবিবাহিত ব্যক্তি শহিদ হইয়া থাকিলে তাঁহার অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা উক্ত শহিদের মাতা ও পিতার মধ্যে সমানভাবে বণ্টন করিতে হইবে, তবে মাতা ও পিতার মধ্যে যেকোনো একজনের অবর্তমানে অপরজন প্রদেয় সম্পূর্ণ আর্থিক সহায়তা পাইবেন।

১৪। **জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের কোনো সদস্যের মৃত্যুজনিত কারণে মাসিক অনুদান বা ভাতার অংশের অবসান।**—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের মাসিক অনুদান বা ভাতা সহায়তা প্রাপ্ত কোনো সদস্য মৃত্যুবরণ করিলে উক্ত সদস্য যে

তারিখে মৃত্যুবরণ করেন সেই তারিখ হইতে তাঁহার মাসিক অনুদান বা ভাতার অংশের অবসান ঘটিবে এবং উক্ত অর্থ জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের অন্য কোনো সদস্য বা মৃত ব্যক্তির পরিবারের কোনো সদস্য দাবী করিবার বা পাইবার অধিকারী হইবেন না।

১৫। **জুলাই গণঅভ্যুত্থানে শহিদের স্বামী বা স্ত্রীর বিবাহজনিত কারণে মাসিক অনুদান বা ভাতার অংশের অবসান।**— এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, জুলাই গণঅভ্যুত্থানে শহিদের স্বামী বা স্ত্রী অন্যত্র বিবাহ করিলে, যে তারিখে বিবাহ সম্পন্ন হইবে সেই তারিখ হইতে তাহার মাসিক অনুদান বা ভাতার অংশের অবসান ঘটিবে এবং উহা জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের অন্য কোনো সদস্য দাবি করিবার বা পাইবার অধিকারী হইবেন না।

১৬। **জুলাই যোদ্ধার আর্থিক সহায়তা, কার্যকারিতা, ইত্যাদি।**—(১) অধ্যাদেশের ধারা ১২ এর উপ-ধারা (১) এ বর্ণিত শ্রেণি অনুযায়ী একজন জুলাই যোদ্ধা তফসিল-২ এ উল্লিখিত পরিমাণ এককালীন আর্থিক সহায়তা বা অনুদান এবং মাসিক অনুদান বা ভাতা পাইবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মাসিক অনুদান বা ভাতা ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) যদি কোনো জুলাই যোদ্ধা তফসিল-২ এর কলাম (৪) এ উল্লিখিত এককালীন আর্থিক সহায়তা গ্রহণ করিবার পূর্বে মৃত্যুবরণ করেন, তাহা হইলে তাহার পরিবারের সদস্যগণের মধ্যে উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তা, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, সমান ৩ (তিন) ভাগে বণ্টন করিতে হইবে, যথা:—

(ক) **মৃত জুলাই যোদ্ধার স্বামী বা স্ত্রী:** মৃত জুলাই যোদ্ধার স্বামী বা স্ত্রী উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তার এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন:

তবে শর্ত থাকে যে, একাধিক স্ত্রী থাকিলে তাঁহাদের অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা সমানভাবে বণ্টন করিতে হইবে;

(খ) **মৃত জুলাই যোদ্ধার ঔরসজাত বা গর্ভজাত সন্তান:** মৃত জুলাই যোদ্ধার ঔরসজাত বা গর্ভজাত সন্তান উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তার এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন:

তবে শর্ত থাকে যে, একাধিক ঔরসজাত বা গর্ভজাত সন্তান থাকিলে তাহাদের অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা সমানভাবে বণ্টন করিতে হইবে; এবং

(গ) **মৃত জুলাই যোদ্ধার মাতা ও পিতা:** মৃত জুলাই যোদ্ধার মাতা ও পিতা উপ-বিধি (১) এর অধীন প্রদেয় আর্থিক সহায়তার এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন:

তবে শর্ত থাকে যে, মাতা ও পিতার অনুকূলে প্রদেয় আর্থিক সহায়তা সমানভাবে বণ্টন করিতে হইবে, তবে মাতা ও পিতার মধ্যে যেকোনো একজনের অবর্তমানে অপরজন প্রদেয় আর্থিক সহায়তার উভয়ের সম্মিলিত অংশ অর্থাৎ এক-তৃতীয়াংশ (১/৩) পাইবেন।

(৪) উপ-বিধি (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি মৃত জুলাই যোদ্ধার—

(ক) স্বামী বা স্ত্রী না থাকেন তাহা হইলে উক্ত স্বামী বা স্ত্রীর আর্থিক সহায়তার অংশটি উপ-বিধি (১) এ উল্লিখিত উক্ত মৃত জুলাই যোদ্ধার পরিবারের জীবিত সদস্যগণের মধ্যে নিম্নরূপভাবে বণ্টন করিতে হইবে, যথা:—

(অ) দফা (খ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ; এবং

(আ) দফা (গ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ;

(খ) ঔরসজাত বা গর্ভজাত সন্তান না থাকেন তাহা হইলে উক্ত ঔরসজাত বা গর্ভজাত সন্তানের আর্থিক সহায়তার অংশটি উপ-বিধি (১) এ উল্লিখিত উক্ত মৃত জুলাই যোদ্ধার পরিবারের জীবিত সদস্যগণের মধ্যে নিম্নরূপভাবে বণ্টন করিতে হইবে, যথা:—

(অ) দফা (ক) এ উল্লিখিত সদস্য অর্ধাংশ; এবং

(আ) দফা (গ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ;

(গ) মাতা ও পিতা উভয়ই না থাকেন তাহা উক্ত মাতা ও পিতার আর্থিক সহায়তার অংশটি উপ-বিধি (১) এ উল্লিখিত উক্ত মৃত জুলাই যোদ্ধার পরিবারের জীবিত সদস্যগণের মধ্যে নিম্নরূপভাবে বণ্টন করিতে হইবে, যথা:—

(অ) দফা (ক) এ উল্লিখিত সদস্য অর্ধাংশ; এবং

(আ) দফা (খ) এ উল্লিখিত সদস্য বা সদস্যগণ অর্ধাংশ।

(৫) এই বিধিমালা কার্যকর হইবার পর যদি কোনো জুলাই যোদ্ধা মৃত্যুবরণ করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি যে তারিখে মৃত্যুবরণ করেন সেই তারিখ হইতে তফসিল-২ এর কলাম (৫) এ উল্লিখিত মাসিক অনুদান বা ভাতার অংশের অবসান ঘটিবে এবং উক্ত মৃত ব্যক্তির পরিবারের কোনো সদস্য উহা দাবী করিবার বা পাইবার অধিকারী হইবেন না।

**ব্যাখ্যা।—"মৃত জুলাই যোদ্ধার পরিবারের সদস্য"** অর্থে মৃত্যুবরণকারী জুলাই যোদ্ধার স্বামী বা স্ত্রী, ঔরসজাত বা গর্ভজাত সন্তান এবং মাতা ও পিতাকে বুঝাইবে।

১৭। **আহত জুলাই যোদ্ধার চিকিৎসা সহায়তা প্রদান পদ্ধতি।**—(১) অধ্যাদেশ ও এই বিধিমালার বিধান অনুযায়ী সকল সরকারি হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল, সরকারি ক্লিনিক বা স্বাস্থ্যকেন্দ্র এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক নির্ধারিত বিশেষায়িত হাসপাতালসমূহ সকল শ্রেণির আহত জুলাই যোদ্ধাদের অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত চিকিৎসা সহায়তা প্রাপ্তির জন্য হাসপাতাল, ক্লিনিক বা স্বাস্থ্যকেন্দ্রে কোনো লিখিত আবেদন করিবার প্রয়োজন হইবে না:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সেবা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত পরিচিতিমূলক হেলথ কার্ডের (Health Card) মূল কপি প্রদর্শন করিয়া জুলাই যোদ্ধার স্বাক্ষর সম্বলিত উহার একটি ফটো অনুলিপি দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সেবা প্রদানকারী কর্তৃপক্ষ সেবা প্রদানের সময় আহত জুলাই যোদ্ধার পরিচিতিমূলক হেলথ কার্ড (Health Card) এবং উহার সমর্থনে প্রমাণক হিসাবে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে প্রকাশিত সরকারি গেজেট, উক্ত গেজেটে উল্লিখিত মেডিকেল কেস আইডি নম্বর বা অনুরূপ বিষয় ও কাগজাদি যাচাই করিতে পারিবে।

(৪) অধিদপ্তর অধ্যাদেশ ও এই বিধিমালার বিধান অনুযায়ী অতি গুরুতর আহত জুলাই যোদ্ধার দেশে ও বিদেশে উন্নত চিকিৎসা প্রদানের নিমিত্ত স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা অনুযায়ী বিশেষজ্ঞ চিকিৎসকগণ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ডের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৫) অধিদপ্তর এই বিধিমালা জারির পূর্বে জুলাই গণঅভ্যুত্থান চলাকালে যে সকল জুলাই যোদ্ধা আহত হইয়া বেসরকারি হাসপাতালে চিকিৎসা গ্রহণ করিয়াছেন তাঁহাদের প্রকৃত চিকিৎসা ব্যয় যথাযথভাবে যাচাই-বাছাই করিয়া এবং সরকারের অনুমোদনক্রমে পরিশোধ করিতে পারিবে।

১৮। **আহত জুলাই যোদ্ধার মৃত্যুজনিত কারণে শহিদ স্বীকৃতি, আর্থিক সহায়তা, ইত্যাদি।**—(১) যদি কোনো জুলাই যোদ্ধা জুলাই গণঅভ্যুত্থানে এক বা একাধিক শারীরিক আঘাতজনিত কারণে অতি গুরুতর আহত হইয়া অব্যাহতভাবে দেশে বা বিদেশের কোনো হাসপাতালে উক্ত শারীরিক আঘাতজনিত কারণে চিকিৎসাধীন থাকা অবস্থায় মৃত্যুবরণ করেন, তাহা হইলে তিনি 'জুলাই গণঅভ্যুত্থানে শহিদ' হিসাবে গণ্য হইবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত জুলাই গণঅভ্যুত্থানে শহিদ হিসাবে স্বীকৃত ব্যক্তির পরিবারের সদস্যগণ বিধি ১৩ এর বিধান অনুযায়ী তফসিল-১ এর কলাম (১) এ উল্লিখিত এককালীন ৩০ (ত্রিশ) লক্ষ টাকার সমমূল্যের পরিবার সঞ্চয়পত্র পাইবার অধিকারী হইবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তি জুলাই যোদ্ধা হিসাবে তফসিল-২ এর কলাম (৪) এ উল্লিখিত পরিমাণ যে এককালীন আর্থিক সহায়তা বা অনুদান গ্রহণ করিয়াছেন উহা তফসিল-১ এর কলাম (১) এ উল্লিখিত এককালীন অর্থ হইতে কর্তন করিয়া অবশিষ্ট অর্থ প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত জুলাই গণঅভ্যুত্থানে শহিদ হিসাবে স্বীকৃত ব্যক্তি যে তারিখে মৃত্যুবরণ করেন সেই তারিখ হইতে তাঁহার পরিবারের সদস্যগণ জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্য হিসাবে বিধি ১৬ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী তফসিল-১ এর কলাম (২) এ উল্লিখিত মাসিক অনুদান বা ভাতা পাইবার অধিকারী হইবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তি জুলাই যোদ্ধা হিসাবে তফসিল-২ এর কলাম (৫) এ উল্লিখিত যে মাসিক অনুদান বা ভাতা পাইতেন উহার অবসান ঘটিবে।

১৯। **জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের পুনর্বাসন, ইত্যাদি।**—(১) অধ্যাদেশের ধারা ৭ এর দফা (ঙ) ও (চ) এর বিধান অনুযায়ী জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের পুনর্বাসনের লক্ষ্যে গৃহীত পরিকল্পনা বা প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিধি দ্বারা নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (১) এর অধীন বিধি প্রণীত না হওয়া পর্যন্ত এতদুদ্দেশ্যে প্রচলিত বিধি-বিধান ও পদ্ধতি অনুযায়ী পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্য সম্পাদন করা যাইবে।

(২) অধিদপ্তর উপার্জনমুখী কাজ বা আত্মকর্মসংস্থানের জন্য সহজ শর্তে ঋণ বা অনুরূপ সুবিধাদি প্রদানের উদ্যোগ গ্রহণ করিতে পারিবে।

(৩) অধিদপ্তর জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের পুনর্বাসন করিবার লক্ষ্যে তফসিল-৩ এ উল্লিখিত ক্ষেত্রসমূহে প্রশিক্ষণ প্রদান করিয়া তাঁহাদের জন্য দক্ষতা ও অভিজ্ঞতাভিত্তিক উপার্জনমুখী কাজ বা আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করিতে পারিবে।

(৪) সরকার, সময়ে সময়ে, তফসিল-৩ এ উল্লিখিত প্রশিক্ষণক্ষেত্রসমূহের সহিত নতুন নতুন প্রশিক্ষণের ক্ষেত্র বা সুনির্দিষ্ট প্রশিক্ষণ সংযোজন বা বিয়োজন করিতে পারিবে।

২০। **অভিযোগ দায়ের ও নিষ্পত্তি**।—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান জুলাই গণঅভ্যুত্থানে শহিদ বা কোনো জুলাই যোদ্ধার বিষয়ে তথ্যের অসম্পূর্ণতা, আর্থিক সহায়তা, ভাতা, পুনর্বাসন, কর্মসংস্থান, ঋণ, চিকিৎসা সহায়তা বা এতদ্‌সংক্রান্ত বিষয়ে কোনো অভিযোগ করিতে চাহিলে তাঁহাকে সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি বরাবর লিখিত অভিযোগ দাখিল করিতে হইবে এবং উহার অনুলিপি অধিদপ্তরে প্রেরণ করিতে হইবে।

(২) উপজেলা কমিটি উপ-বিধি (১) এর অধীন লিখিত অভিযোগ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে অভিযোগটি যথাযথভাবে যাচাই-বাছাই করিয়া প্রয়োজনে অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবে এবং তদ্‌বিবেচনায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৩) উপজেলা কমিটি উপ-বিধি (২) এর অধীন কমিটির সুপারিশ বা মতামত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজাদিসহ বিষয়টি জেলা কমিটির নিকট প্রেরণ করিবে এবং উহার একটি অনুলিপি অধিদপ্তরে প্রেরণ করিবে।

(৪) জেলা কমিটি উপ-বিধি (৩) এর অধীন পত্র প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে উক্ত সুপারিশ বা মতামত পরীক্ষা-নিরীক্ষা করিয়া সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে তদ্‌বিবেচনায় উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উহা অধিদপ্তরে প্রেরণ করিবে।

(৫) সিটি কর্পোরেশন এলাকায় উপ-বিধি (১) এ উল্লিখিত বিষয়ে কোনো অভিযোগ করিতে হইলে উহা সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতি বরাবর দাখিল করিতে হইবে এবং উহার অনুলিপি অধিদপ্তরে প্রেরণ করিতে হইবে।

(৬) জেলা কমিটি উপ-বিধি (৫) এ উল্লিখিত অভিযোগ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে এই বিধিতে বর্ণিত উপজেলা কমিটির জন্য অনুসরণীয় এতদ্‌সংক্রান্ত অন্যান্য বিধানাবলি অনুসরণ করিয়া উক্ত অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উহা অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরে প্রেরণ করিবে।

(৭) অধিদপ্তর, প্রয়োজনে, সরকার বা কেন্দ্রীয় কমিটির নির্দেশনা অনুযায়ী, আইন বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি সমন্বয়ে বিশেষজ্ঞ কমিটি গঠন করিয়া, কোনো অভিযোগের অধিকতর অনুসন্ধান ও পুনঃতদন্ত করিতে পারিবে এবং যথাযথ সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্রীয় কমিটিতে উপস্থাপন করিবে।

(৮) উপ-বিধি (৭) এর অধীন কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং এতদ্‌বিষয়ে কোনো কর্তৃপক্ষ বা আদালতে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

২১। **আর্থিক সহায়তার অংশ বণ্টন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, ইত্যাদি।**—(১) অধ্যাদেশ বা এই বিধিমালার বিধান অনুযায়ী আর্থিক সহায়তা বা চিকিৎসা সহায়তা বা পুনর্বাসন সংক্রান্ত বিষয়ে জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের মধ্যে কোনো বিরোধ দেখা দিলে উহা এই বিধির বিধান অনুযায়ী উপ-বিধি (২) এর অধীন গঠিত সালিশ বোর্ডের মাধ্যমে আপস-নিষ্পত্তি করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত বিরোধ নিষ্পত্তির জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি সালিশ বোর্ড গঠিত হইবে, যথা:—

(ক) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের বিরোধ সংশ্লিষ্ট সদস্য বা সদস্যগণ;

(খ) জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত অন্যূন সহকারী পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি; এবং

(গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত প্রতিনিধিদের ঐকমত্যের ভিত্তিতে মনোনীত একজন সালিশকারী (Arbitrator)।

(৩) উপ-বিধি (২) এর দফা (গ) এর অধীন সালিশকারী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি আইন বিশেষজ্ঞ বা আইনের ব্যাখ্যা বা বিরোধ নিষ্পত্তি বিষয়ে অভিজ্ঞ হইতে হইবে এবং বিরোধ সংশ্লিষ্ট বিষয়ে তাহার কোনো স্বার্থ সংশ্লিষ্টতা থাকা যাইবে না।

(৪) উপ-বিধি (২) এর দফা (গ) এর অধীন নির্বাচিত সালিশকারী (Arbitrator) উক্ত বোর্ডের সভাপতি হইবেন।

(৫) এই বিধির অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, সভাপতি সালিশ বোর্ড সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবেন।

(৬) সালিশ বোর্ডের সভার কোরামের জন্য সভাপতি, উপ-বিধি (২) এর দফা (খ) এর প্রতিনিধি এবং উপ-বিধি (২) এর দফা (ক) হইতে যেকোনো একজন বিরোধীয় পক্ষসহ মোট ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

(৭) এই বিধির বিধান অনুযায়ী বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে সালিশ বোর্ডের সভায় উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে।

(৮) সালিশ বোর্ডের সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হইবে; এবং মতামতের সমতার ক্ষেত্রে সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট (Casting Vote) প্রদানের ক্ষমতা থাকিবে।

(৯) উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) এ উল্লিখিত সালিশ বোর্ডের সদস্যগণ, সরকারি বিধি মোতাবেক, সম্মানী প্রাপ্য হইবেন।

২২। **সালিশ বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল।**―(১) বিধি ২১ এর বিধান অনুযায়ী সালিশ বোর্ডের সিদ্ধান্ত দ্বারা কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে, তিনি উক্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হইবার তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অধিদপ্তরের মহাপরিচালকের নিকট আপিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়েরকৃত আপিলে মহাপরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৩। **ইতিহাস সংরক্ষণ, জুলাই গণঅভ্যুত্থানের মর্ম, আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠা, ইত্যাদি।**―(১) অধিদপ্তর, অধ্যাদেশের ধারা ১৪ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী, জুলাই গণঅভ্যুত্থানের মর্ম, আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে প্রতিষ্ঠা এবং জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের জন্য নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিতে পারিবে, যথা:―

(ক) জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের জন্য প্রয়োজনীয় নীতি প্রণয়ন এবং এতদ্‌সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;

(খ) জাতীয় ও রাষ্ট্রীয় জীবনে জুলাই গণঅভ্যুত্থানের মর্ম, আদর্শ ও চেতনাকে সুপ্রতিষ্ঠিত করিবার লক্ষ্যে, সরকারের পূর্বানুমোদনক্রমে, পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(গ) জুলাই গণঅভ্যুত্থানে শহিদদের সমাধি সংরক্ষণ, স্মৃতি ফলক স্থাপন এবং এতদ্‌সংক্রান্ত কার্যক্রম গ্রহণ; এবং

(ঘ) অধ্যাদেশ ও তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

(২) অধিদপ্তর, অধ্যাদেশের ধারা ১৪ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী, জুলাই গণঅভ্যুত্থান সংক্রান্ত অপপ্রচার রোধকল্পে, জুলাই গণঅভ্যুত্থানের মর্ম, ইতিহাস, আদর্শ ও চেতনা দেশে ও বিদেশে প্রচার করিবার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় বা বিভাগের সহিত সমন্বয় সাধন ও প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিবে।

২৪। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ও রেজিস্টার সংরক্ষণ।**―অধিদপ্তর, জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের পুনর্বাসনের জন্য গৃহীত আর্থিক সহায়তা, চিকিৎসা সহায়তা, প্রশিক্ষণ প্রদান, জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাস সংরক্ষণ, অভিযোগ দায়ের সংক্রান্ত বিষয় বা অনুরূপ অন্যান্য কার্যাদি যথাযথ পদ্ধতিতে ম্যানুয়েল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পৃথক পৃথক রেজিস্টারে সংরক্ষণ ও হালনাগাদ করিবে।

২৫। **সরকারি পাওনা আদায়, ইত্যাদি।**―(১) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের কোনো সদস্য বা জুলাই যোদ্ধা বা জুলাই গণঅভ্যুত্থানে শহিদ হিসাবে স্বীকৃত জুলাই যোদ্ধার পরিবারের কোনো সদস্য অধ্যাদেশ ও এই বিধিমালার বিধান লঙ্ঘন করিয়া তাঁহাদের কল্যাণ ও পুনর্বাসনের নিমিত্ত কোনো আর্থিক সহায়তা বা এককালীন অর্থ হিসাবে প্রদত্ত পরিবার সঞ্চয়পত্র বা এককালীন নগদ অর্থ

বা মাসিক অনুদান বা ভাতা বা চিকিৎসা সহায়তা বা পুনর্বাসনের লক্ষ্যে প্রশিক্ষণ বাবদ সুবিধা গ্রহণ বা অনুরূপ কোনো সুবিধাদি গ্রহণ করিলে, উহা সরকারি দাবি বা সরকারি পাওনা হিসাবে গণ্য হইবে।

(২) অধিদপ্তর, উপ-বিধি (১) এ বর্ণিত সরকারি দাবি বা সরকারি পাওনা Public Demands Recovery Act, 1913 (Act No. III of 1913) এর বিধান অনুযায়ী আদায় করিতে পারিবে।

২৬। **হেফাজত**।—অধ্যাদেশ জারির পর হইতে এই বিধিমালা কার্যকর হইবার পূর্ব পর্যন্ত জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার, জুলাই যোদ্ধাদের এবং জুলাই গণঅভ্যুত্থানে শহিদ হিসাবে স্বীকৃত জুলাই যোদ্ধার পরিবারের সদস্যদের কোনো প্রকার এককালীন বা মাসিক আর্থিক সহায়তা বা অনুদান অথবা দেশে বা বিদেশে চিকিৎসা সহায়তা অথবা কল্যাণ ও পুনর্বাসনের লক্ষ্যে প্রদত্ত আর্থিক সহায়তা বা প্রশিক্ষণ বা অনুরূপ সুবিধাদির বিষয়ে যে সকল আদেশ বা নির্দেশ জারি করা হইয়াছে অথবা যে সকল কার্যক্রম গৃহীত বা সম্পাদিত হইয়াছে, তাহা এই বিধিমালার অধীন জারীকৃত বা গৃহীত বা সম্পাদিত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৭। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

**[বিধি ১৩ (১) দ্রষ্টব্য]**

**জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যগণের**

**আর্থিক সহায়তার পরিমাণ**

| এককালীন আর্থিক সহায়তা বা অনুদান (টাকা) | মাসিক অনুদান বা ভাতা (টাকা) |
|---|---|
| (১) | (২) |
| ৩০ (ত্রিশ) লক্ষ টাকার সমমূল্যের জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত পরিবার সঞ্চয়পত্র | ২০ (বিশ) হাজার |

**তফসিল-২**

**[বিধি ১৬ (১) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | জুলাই যোদ্ধার শ্রেণি | আহতের ধরন | আর্থিক সহায়তা বা অনুদান (টাকা) | |
|---|---|---|---|---|
| | | | এককালীন | মাসিক |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | “ক” | অতি গুরুতর আহত | ৫ (পাঁচ) লক্ষ | ২০ (বিশ) হাজার |
| (২) | “খ” | গুরুতর আহত | ৩ (তিন) লক্ষ | ১৫ (পনের) হাজার |
| (৩) | “গ” | আহত | ১ (এক) লক্ষ | ১০ (দশ) হাজার |

**তফসিল-৩**

**[বিধি ১৯(৪) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক; | (ক) অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে অধিদপ্তর কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত যোগ্যতা থাকিতে হইবে; এবং<br>(খ) সংশ্লিষ্ট প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত যোগ্যতা থাকিতে হইবে। |
| ২। | ইলেকট্রিকাল ও ইলেকট্রনিক্স বিষয়ক; | |
| ৩। | ডিজিটাল মার্কেটিং; | |
| ৪। | আইটি সাপোর্ট সার্ভিস; | |
| ৫। | গ্রাফিক্স ডিজাইন এবং ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট; | |
| ৬। | ফ্রিল্যান্সিং; | |
| ৭। | মোবাইল সার্ভিসিং ও এপ্লিকেশন ডেভেলপমেন্ট; | |
| ৮। | মেকানিক্যাল ও অটোমোবাইল বিষয়ক; | |
| ৯। | ড্রাইভিং; | |
| ১০। | আধুনিক অফিস ম্যানেজমেন্ট; | |
| ১১। | নির্মাণ ও প্রকৌশল বিষয়ক; | |
| ১২। | খাদ্য ও আতিথেয়তা বিষয়ক; | |
| ১৩। | বিউটিফিকেশন; | |
| ১৪। | আর্টস অ্যান্ড ক্রাফটস; | |
| ১৫। | বস্ত্রশিল্প বিষয়ক; | |

| ক্রমিক নং | প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৬। | হস্তশিল্প বিষয়ক; | |
| ১৭। | কৃষি নার্সারি; | |
| ১৮। | গবাদি পশু পালন; | |
| ১৯। | মৎস্য হ্যাচারী ও মৎস্য চাষ; এবং | |
| ২০। | পোল্ট্রি ফার্মিং। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান**
সিনিয়র সহকারী সচিব
প্রশাসন-১।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd